দৈনিক
ইত্তেফাক

তারিখ: 17 JUN 2016
পৃষ্ঠা: ৮ কলাম: ৩

# প্রাথমিকে ৩২ প্রধান শিক্ষক ও ৫৭টি সহকারী শিক্ষক পদ শূন্য

■ দাগনভূঞা (ফেনী) সংবাদদাতা

দাগনভূঞা উপজেলায় ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও ৫৭টিতে সহকারী শিক্ষক পদ শূন্য রয়েছে। এছাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে ২টি অফিস সহকারীর পদও শূন্য। এতে দাপ্তরিক কাজ ও উপজেলার শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

জানা যায়, উপজেলার ৮টি ইউনিয়ন ও একটি পৌরসভার অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩২ জন প্রধান শিক্ষক ও ৫৭টি সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে খালি। পদগুলো শূন্য হওয়ায় শ্রেণি কক্ষে পাঠদান ও প্রশাসনিক কাজ চালাতে পারছে না স্কুল কর্তৃপক্ষ। এতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে চরম সমস্যার মুখে পড়তে হচ্ছে এবং ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশে বিঘ্ন ঘটছে। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একাধিক শিক্ষক জানান, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক না থাকায় একইসঙ্গে পাঠদান ও প্রশাসনিক কাজ চালাতে আমাদের অসুবিধা হচ্ছে। উপজেলা প্রাথমিক ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা মোস্তাফিজুর রহমান জানান, সংশ্লিষ্ট দপ্তরে শূন্য পদের তালিকা পাঠানো হয়েছে। জাতীয় ভাবে নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত হলেই এসব পদে নিয়োগ দেয়া হবে।